সংবাদ

তারিখ 6.8.83
পৃষ্ঠা ... কলাম ...

023




কবি সিকান্দর আবু জাফরের অষ্টম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গতকাল বাংলা একাডেমী আয়োজিত আলোচনা। সভায় সভাপতির ভাষণ দিচ্ছেন কবি সানাউল হক। —সংবাদ

## 'বাঙ্গালী জাতীয়তাবাদের জাগরণে সিকান্দর আবু জাফরের ভূমিকা ছিল অনন্য'

(নিজস্ব বার্তা পরিবেশক)

'বাংলা সাহিত্য আন্দোলন ও চর্চায় কবি সিকান্দর আবু জাফর অগ্রপথিক ছিলেন। বাঙ্গালী জাতীয়তাবাদের জাগরণে তাঁর ভূমিকা ছিল অনন্য। 'সমকাল'-এর মাধ্যমে তিনি লেখক সৃষ্টি করেছেন। তাঁর সাহিত্যকর্মের মূল্যায়ন হওয়া প্রয়োজন।'

কবি সিকান্দর আবু জাফরের অষ্টম মৃত্যুদিবস উপলক্ষে গতকাল শুক্রবার বিকেলে বাংলা একাডেমী আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা এই অভিমত ব্যক্ত করেন।

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

### বাঙ্গালী জাতীয়তাবাদ

(১ম পাতার পর)

এতে সভাপতিত্ব করেন কবি সানাউল হক।

আলোচনা সভায় জনাব শওকত ওসমান বলেন, সিকান্দর আবু জাফর বাঙ্গালী জাতীয়তাবাদের জাগরণে এক বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন। "সমকাল" তাঁর এক অনন্য সৃষ্টি।

জনাব আহমদ ছফা বলেন, জাতির নিজস্ব চিন্তাধারা এবং সংস্কৃতি নির্মাণে সিকান্দর আবু জাফর যে ভূমিকা পালন করেছেন, তা আমাদের কাছে স্মরণীয়। তাঁর সৃষ্টি আমাদের মুক্তিযুদ্ধে অনুপ্রেরণা যুগিয়েছে।

জনাব ছফা তাঁর বক্তৃতায় রাজধানীর ডি, আই, টি এভিনিউকে "সিকান্দর আবু জাফর এভেনিউ রাখা এবং বাংলা একাডেমীতে তার নামে কবিতা পুরস্কার প্রবর্তনের দাবী জানান।